

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা কমিটির ফেব্রুয়ারী/ ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৯/০২/২০২২ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।

সভাপতি : মোসাং সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভায় প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বিগত ১১/১২/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক সর্বসমতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারূপ করেন।

সভায় উপস্থিত উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে এ উপজেলায় ১৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির পাবলিক পরীক্ষার (পিএসসি ও এবতেদায়ী) সামগ্রীক ফলাফল অতীতের যে কোন সময়ের তুলনায় বর্তমানে ভাল। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ভৌত অবকাঠামোগত অবস্থাও ভাল। তবে যে সমস্ত প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বেশী সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে উদ্ভূতমুখী সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদন করা হয়েছে। কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের উদ্ভূতমুখী সম্প্রসারণ কার্যক্রম চলমান আছে, কিছু প্রাক্রিয়াধীন। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পাঠদান পদ্ধতি ও শিক্ষার পরিবেশ ভাল। উপরোক্ত সরকারীভাবে বছরের শুরুতে পাঠবই শিক্ষার্থীদের হাতে পৌছে দেয়ায় যথাসময়ে শিক্ষা কার্যক্রম শুরু করা সম্ভব হওয়ায় পাঠদানে কোন জটিলতা সৃষ্টি হয়না।

প্রাথমিক ও গণশিক্ষা শিক্ষার উন্নয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বর্তমান পাঠদান, পাবলিক পরীক্ষার ফলাফল, বারে পড়ার রোধ করাসহ শিক্ষার পরিবেশ ধরে রেখে তা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ হতে উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোসাং সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৮৮.৬৫২৮.০০০.০০০.০০.২২-২৫

তারিখ : ০৯/০২/২০২২ খ্রিঃ।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা অফিসার, কালিয়া, নড়াইল।


সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।
স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.- ২২। ২০

তারিখ ৪-১-২২ খ্রি।

বিষয় : উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত ছায়ী কমিটির বিষয়বস্তু/নথি মোসাঃ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৭/২/২২ খ্রি তারিখ বেলা- ১২.৩০ ঘটিকার সময়ে
নিম্নোক্ত সভাপতিত্বে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত ছায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব
.....।

বিষয়বস্তু মোসাঃ সভার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদন করা হয়েছে। কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের উর্জ্জমুখী সম্প্রসারণ